

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩  
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২১.২০২১.২০২

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৯  
২৭ এপ্রিল ২০২২

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ


যেহেতু, আপনি জনাব সুরজিৎ রায় মজুমদার (৭৩২৬), সহযোগী অধ্যাপক (ইংরেজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা পত ১৭/০১/২০১৮ তারিখ হতে ০৯/১২/২০১৯ খ্রিস্টাব্দ পর্যন্ত ০১ (এক) বছর ১০ (দশ) মাস ২২ (বাইশ) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, আপনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং উক্ত জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ৭(২)(ঘ) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য জনাব খালেদা আখতার, যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের আলোকে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করে আপনার বিরুদ্ধে গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, আপনি জনাব সুরজিৎ রায় মজুমদার (৭৩২৬), সহযোগী অধ্যাপক (ইংরেজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) অনুসারে আপনাকে "চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)" দণ্ড বা অন্য কোন দণ্ড দেয়া হবে না তার জবাব একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক কারণ দর্শানো নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করা জন্য নির্দেশ দেয়া হলো।

  
(মোঃ আবু বকর সিদ্দিক)  
সচিব

সংযুক্তি: তদন্ত প্রতিবেদনের অনুলিপি ০৪ (চার) ফর্দ।

স্থায়ী ঠিকানা:

জনাব সুরজিৎ রায় মজুমদার  
বাড়ী নং-১৫৯/৩, উত্তর শ্যামলী, রোড নং-০২  
আগারগাঁও, ডাকঘর- শেরেবাংলা নগর  
থানা- মোহাম্মদপুর, জেলা-ঢাকা।

বর্তমান কর্মস্থল:

কানাইমারী উত্তর, ডাকঘর-শেলবুনিয়া  
থানা-মোংলা, জেলা-বাগেরহাট।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

✓ ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।